



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/18/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

টিকার শিপিংয়ের বিলম্ব সম্পর্কে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর বিবৃতি

"ফেডারেল সরকার নিউ ইয়র্ককে জানিয়েছে যে 10ম সপ্তাহের জন্য বরাদ্দকৃত প্রায় সমস্ত COVID-19 টিকার ডোজগুলি - যা 12ই ফেব্রুয়ারি থেকে 21এ ফেব্রুয়ারির মধ্যে বিতরণ করার কথা ছিল - তা শীতকালীন ঝড় দেশের বেশিরভাগ অংশে প্রভাব ফেলার কারণে বিলম্বিত হচ্ছে। প্রতিটি ডোজ যা সোমবারে পাঠানো উচিত ছিল সেগুলি পিছিয়ে দেওয়া হয়েছে, এবং শুধুমাত্র সীমিত সংখ্যক ফাইজার টীকা মঙ্গলবার এবং বুধবার শিপিংয়ের ফেসিলিটিগুলি ছেড়ে গেছে।

এই বিলম্বটি নিঃসন্দেহে নিউ ইয়র্কের জন্য একটি যৌক্তিক চ্যালেঞ্জ তৈরি করবে - কিন্তু গত 350 এর বেশী দিনগুলি ধরে আমরা যেমন দেখিয়েছি, আমরা নিউ ইয়র্ক টাফ, এবং আমরা চ্যালেঞ্জটির সম্মুখীন হতে পারি। স্বাস্থ্যের দপ্তর (Department of Health) স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলি, হাসপাতালগুলি, ফার্মেসিগুলি এবং ফেডারালি কোয়ালিফায়েড হেলথ সেন্টার (Federally Qualified Health Center, FQHC) সহ সকল প্রদানকারীদের সাথে নিবিড়ভাবে কাজ করছে তাদের ক্রিয়াকলাপের উপর প্রভাব কমানোর জন্য এবং যে সব অ্যাপয়েন্টমেন্টগুলি পুনর্নির্ধারণ করতে হবে সেগুলির সংখ্যা কমানোর জন্য। এই টিকাটি হচ্ছে সেই অস্ত্র যা COVID-এর বিরুদ্ধে যুদ্ধে জয়লাভ করবে, এবং আমরা আমাদের ফেডারেল অংশীদারদের সাথে বিলম্বিত শিপমেন্টগুলি ত্বরান্বিত করার জন্য কাজ চালিয়ে যাব এবং আগামী দিনগুলিতে নিউ ইয়র্কবাসীদের আপডেট দিতে থাকব।"

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)